গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়
পুরাতন বিমান বন্দর ভবন
তেজগাঁও, ঢাকা-১২১৫

নং-বাসককস-১ই-১৩/৯৩/১১৬৪ তারিখঃ ২৭-০৪-১৯৯৪ইং/১৪-০১-১৪০১বাং

বিজ্ঞাপন

১৬শ বিসিএস (বিশেষ) পরীক্ষা—১৯৯৪

বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত শূণ্য পদসমূহ প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে পূরণের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সচিব আবেদনপত্র আহবান করিতেছেন।

২। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ঃ ৭ই জুন, ১৯৯৪।

৩। **বয়সসীমা** ঃ ১লা এপ্রিল, ১৯৯৪ তারিখে বয়সঃ

(ক) মুক্তিযোদ্ধা ছাড়া অন্যান্য সকল প্রার্থীর জন্য ২১ হইতে ৩০ বৎসর।

(খ) মুক্তিযোদ্ধা প্রার্থীদের জন্য ২১ হইতে ৩২ বৎসর।

(গ) বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের জন্য শুধুমাত্র উপজাতীয় প্রার্থীদের বেলায় ৩২ বৎসর।

(ঘ) বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত কোন পদে বিরতিহীনভাবে এড-হক ভিত্তিতে নিয়োজিত সরকারী কর্মকর্তাদের ক্ষেত্রে এড-হক নিয়োগের সময় তাঁহারা যদি ঐ সময়ে উর্ধ্বতম বয়সসীমা অতিক্রম না করিয়া থাকেন তাহা হইলে কেবলমাত্র সেই পদের জন্য তাঁহাদের বয়সসীমা শিথিলযোগ্য বিবেচিত হইবে। যে সকল প্রার্থী বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত কোন পদে এড-হক ভিত্তিতে নিয়োজিত নহেন তাঁহাদের ক্ষেত্রে উর্ধ্বতম বয়সসীমা শিথিলযোগ্য বিবেচিত হইবে না।

বিঃদ্রঃ আবেদনপত্রের ৯ নং পৃষ্ঠায় বয়স সংক্রান্ত ১০ নং অনুচ্ছেদটি নিম্নরূপ পড়িতে হইবেঃ

(ক) সকল বিসিএস ক্যাডারের জন্য প্রার্থীদের বয়স ২১ হইতে ৩০ বৎসর।

(খ) মুক্তিযোদ্ধা প্রার্থীদের জন্য বয়সসীমা ২১ হইতে ৩২ বৎসর।

(গ) (১) বিসিএস (সাধারণ শিক্ষা), (২) বিসিএস (কারিগরী শিক্ষা), (৩) বিসিএস (স্বাস্থ্য) এবং বিসিএস (বিচার) এই ৪টি ক্যাডারের ক্ষেত্রে শুধু উপজাতীয় প্রার্থীর বয়স ২১ হইতে ৩২ বৎসর পর্যন্ত।

বিঃদ্রঃ (ক) প্রার্থী উপজাতীয় সম্প্রদায়ভুক্ত হইলে প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হইতে সার্টিফিকেট পেশ করিতে হইবে।

(খ) প্রার্থীর বয়স একদিনও কমবেশী হইলে আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না এবং এই জাতীয় প্রার্থীদের অনর্থক আবেদনপত্র দাখিল করা উচিত হইবে না।

৪। **জাতীয়তাঃ**

(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

(খ) যে সকল প্রার্থী কোন অ-বাংলাদেশী নাগরিককে বিবাহ করিয়াছেন অথবা বিবাহ করিতে প্রতিশ্রুতিবদ্ধ হইয়াছেন তাঁহারা আবেদন করিবার জন্য যোগ্য বিবেচিত হইবেন না।

৫। **শিক্ষাগতযোগ্যতাঃ**

ক্রমিক নং	ক্যাডার/পদ	যোগ্যতা
	বিসিএস (সাধারণ শিক্ষা) প্রভাষকঃ সাধারণ কলেজ-সমূহ (আর্টস এণ্ড ক্রাফট্স কলেজ ব্যতীত	সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী।
	প্রভাষকঃ নার্সারী	গার্হস্থ্য অর্থনীতি/শিশু বর্ধন ও পারিবারিক সম্পর্ক বিষয়ে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর মাস্টার্স অথবা দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী।
	প্রভাষকঃ খাদ্য ও প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা	গার্হস্থ্য অর্থনীতি/ খাদ্য ও পুষ্টি বিজ্ঞান বিষয়ে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর মাস্টার্স অথবা দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী।

বিঃ দ্রঃ যদি কোন প্রার্থী কোন শিক্ষা প্রতিষ্ঠান হইতে তাহার অর্জিত ডিগ্রী উপরে উল্লিখিত বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের পদের পাশে বর্ণিত কোন শিক্ষাগত যোগ্যতার সমমানের বলিয়া দাবী করেন তবে তাঁহাকে সেই মর্মে বাংলাদেশের সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের ইক্যুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইক্যুইভ্যালেন্স সার্টিফিকেট আবেদনপত্রের সহিত জমা দিতে হইবে।

৬। **অবতীর্ণ প্রার্থীঃ**

যদি কোন প্রার্থী এমন কোন পরীক্ষায় অবতীর্ণ হইয়া থাকেন যাহা পাস করিলে তিনি বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের পরীক্ষা দেওয়ার যোগ্যতা অর্জন করিবেন কিন্তু তাঁহার ফলাফল ১৬শ (বিশেষ) বিসিএস-এর আবেদনপত্র দাখিলের শেষ তারিখ পর্যন্ত প্রকাশিত হয় নাই তাহা হইলে তিনি আবেদনপত্র দাখিল করিতে পারেন। তবে তাহা সাময়িকভাবে গ্রহণ করা হইবে। কেবলমাত্র সেই সকল প্রার্থীকেই "অবতীর্ণ প্রার্থী" হিসাবে বিবেচন করা হইবে, যাঁহারা তাঁহাদের স্নাতকোত্তর পর্যায়ের সকল পত্রের সকল সেমিষ্টার, থিসিস ইত্যাদির সকল লিখিত পরীক্ষা, মৌখিক ও ব্যবহারিক অংশসমেত, আবেদনপত্র দাখিলের শেষ তারিখের মধ্যে সমাপ্ত করিয়াছেন। এইরূপ পরীক্ষায় অংশগ্রহণের প্রমাণস্বরূপ প্রবেশপত্রের সত্যায়িত কপি এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ/বিভাগীয় চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মাষ্টার্স ফাইনাল পরীক্ষার লিখিত ব্যবহারিক ও মৌখিক শুরু ও শেষ হওয়ার ও থিসিস (যদি থাকে) জমা দেওয়ার তারিখ ও মৌখিক পরীক্ষা সমাপ্তির তারিখ উল্লেখসহ একটি সনদ আবেদনপত্রের সহিত অবশ্যই দাখিল করিতে হইবে। অন্যথায় আবেদনপত্র গৃহীত হইবে না। বিসিএস মৌখিক পরীক্ষার সময় উক্ত পরীক্ষা পাশের প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয়ের মূল/সাময়িক সার্টিফিকেট কমিশনে দাখিল করিতে হইবে।

৭। **আবেদনপত্র প্রাপ্তি স্থানঃ**

সোনালী ব্যাংকের নিম্নলিখিত শাখাসমূহে আবেদনপত্র, বিপিএসসি ফর্ম-২ (কোড ফর্ম), কোড ডিরেকশন ফর বিপিএসসি ফর্ম-২, মেডিক্যাল রুলস, প্রিলিমিনারী টেষ্ট সম্বন্ধীয় নির্দেশাবলী এবং নমুনা উত্তরপত্র ইত্যাদি টাঃ ২৫/- (পঁচিশ) এর বিনিময়ে আগামী ০৫-০৫-৯৪ তারিখ হইতে প্রতি শনিবার হইতে বুধবার সকাল ৯টা হইতে ১টা এবং প্রতি বৃহস্পতিবার সকাল ৯টা হইতে ১১টা পর্যন্ত পাওয়া যাইবে। যে সকল প্রার্থী বর্তমানে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরীরত আছেন তাঁহাদিগকে মূল আবেদনপত্র (বিপিএসসি ফর্ম-১ এবং বিপিএসপি ফর্ম-২) ছাড়াও একটি অতিরিক্ত আবেদনপত্র (রংগীন) পূরণ করিয়া বিভাগীয় প্রধানের মাধ্যমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে জমা দিতে হইবে। এই অতিরিক্ত আবেদনপত্রটি রংগীন কাগজে মুদ্রিত এবং ইহাও সোনালী ব্যাংকের শাখাসমূহ হইতে প্রার্থীর বর্তমান চাকুরীর প্রমাণপত্র প্রদর্শনপূর্বক বিনামূল্যে সংগ্রহ করা যাইবে।

সোনালী ব্যাংকের শাখাসমূহঃ

ঢাকাঃ

নিউমার্কেট, সদরঘাট, রমনা, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, মালিবাগ ও ফার্মগেট শাখা।

চট্টগ্রামঃ

পাঁচলাইশ ও আগ্রাবাদ শাখা।

রাজশাহী ঃ

কোর্ট বিল্ডিং শাখা ও রাজশাহী প্রধান শাখা।

খুলনাঃ

খুলনা প্রধান শাখা ও কাষ্টম হাউস শাখা।

সোনালী ব্যাংকের জেলা শাখাসমূহঃ

ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, বগুড়া, রংপুর, পাবনা, দিনাজপুর, বরিশাল, পটুয়াখালী, ময়মনসিংহ, জামালপুর, টাঙ্গাইল, কুমিল্লা, মাইজদীকোর্ট শাখা (নোয়াখালী), সিলেট, রাঙ্গামাটি ও বান্দরবন।

বাংলাদেশের বাহিরে অবস্থানরত প্রার্থীগণ লন্ডনস্থ বাংলাদেশ দূতাবাস হইতে টাকা = ২৫/- (পঁচিশ) এর সমমানের বৈদেশিক মুদ্রা জমাদানের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ করিতে পারিবেন।

৮। **আবেদনপত্র পূরণ করণঃ**

আবেদনপত্র (বিপিএসসি ফর্ম-১) এর সহিত সংযুক্ত নির্দেশাবলী অনুযায়ী পূরণ করিতে হইবে। যেহেতু 'বিপিএসসি ফর্ম-২' কম্পিউটার দ্বারা পরীক্ষিত হইবে সেইহেতু এই ফর্মটি অবশ্যই অতি সাবধানতার সহিত 'কোড ডিরেকশন ফর বিপিএসসি ফর্ম-২'তে বর্ণিত নির্দেশাবলী অনুযায়ী পূরণ করিতে হইবে। আবেদনপত্র (বিপিএসসি ফর্ম-১ ও বিপিএসসি ফর্ম-২) যথাযথভাবে পূরণ না করিলে, উভয় ফর্মে প্রদত্ত তথ্য এক ও অভিন্ন না হইলে এবং আবেদনপত্রের যথাস্থানে প্রার্থীর স্বাক্ষর না থাকিলে সে আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৯। **পরীক্ষার ফিসঃ**

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সচিব-এর অনুকূলে "৬৫ বিবিধ বিভাগ-নন ট্যাক্স রেভিনিউ" হিসাব খাতে "বিপিএস পরীক্ষার ফি" বাবদ টাঃ ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা) এর টেজারী চালান/বাংলাদেশ ব্যাংক চালান অথবা সোনালী ব্যাংকের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট্ আবেদনপত্রের সহিত সংযোজিত করিতে হইবে এবং উক্ত চালান/পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট্ এর নম্বর মূল আবেদনপত্রের (বিপিএসসি ফর্ম-১) নির্ধারিত স্থানে অবশ্যই লিখিতে হইবে, না লিখিলে, আবেদনপত্রের সাথে ড্রাফট/চালান/পে-অর্ডার না পাওয়া গেলে এবং সোনালী ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্ জমা দিলে আবেদনপত্র বাতিল করা হইবে। অনগ্রসর নাগরিক গোষ্ঠীর অন্তর্ভুক্ত প্রার্থীদিগকে পরীক্ষার ফি বাবদ টাঃ ৫০/- (পঞ্চাশ টাকা) জমা দিতে হইবে। এই প্রসংগে আবেদনপত্র (বিপিএসপি ফর্ম-১) এর ১০ নং পৃষ্ঠায় ১৪ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশাবলী দেখা যাইতে পারে। বিদেশে অবস্থানরত প্রার্থীদিগকে নির্ধারিত ফিসে সমমানের বৈদেশিক মুদ্রা নিকটস্থ বাংলাদেশ মিশনে জমা দিয়ে প্রাপ্ত মূল রশিদ আবেদনপত্রের সহিত অবশ্যই সংযোজিত করিতে হইবে।

১০। **আবেদনপত্র দাখিলঃ**

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের নির্ধারিত আবেদনপত্রে (বিপিএসসি ফর্ম-১ এবং বিপিএসপি ফর্ম-২) আবেদন করিতে হইবে এবং পূরণকৃত এই আবেদনপত্র সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫ এই ঠিকানায় আবেদনপত্র জমাদানের শেষ তারিখের মধ্যে অবশ্যই পৌঁছাইতে হইবে। আবেদনপত্রের সহিত পূরণকৃত বিপিএসপি ফর্ম-২ (পূরণকৃত কোড ফর্ম) না পাওয়া গেলে আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের কোন আঞ্চলিক অফিসে কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না। ঢাকাস্থ প্রধান অফিস ব্যতীত কোন আঞ্চলিক অফিসে আবেদনপত্র জমা দিলে তাহা বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের (৭-৬-৯৪) পরে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে।

১১। **লিখিত পরীক্ষাঃ**

(ক) প্রার্থীদের ২০০ (দুইশত) নম্বরের একটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। প্রশ্নের ধরন হইবে নৈব্যক্তিক (অবজেকটিভ টাইপ) এবং কম্পিউটারের মাধ্যমে উত্তরপত্র মূল্যায়ন করা হইবে।

(খ) এই পরীক্ষায় মোট ১০০ (একশত)টি প্রশ্ন থাকিবে এবং প্রতিটি প্রশ্নের মান হইবে ২ (দুই) এবং পরীক্ষার জন্য পূর্ণ সময় দেওয়া হইবে ১ ঘন্টা ২০ মিনিট।

(গ) মোট ৬ (ছয়)টি বিষয়ের উপর প্রশ্ন করা হইবে। বিষয়গুলি হইতেছেঃ
সাধারণ বাংলা, সাধারণ ইংরেজী, সাধারণ জ্ঞান-বাংলাদেশ বিষয়াবলী, সাধারণ জ্ঞান-আন্তর্জাতিক বিষয়াবলী এবং সাধারণ জ্ঞান-প্রাথমিক গণিত ও দৈনন্দিন বিজ্ঞান।

(ঘ) উপরের প্রতিটি বিষয়ের উপর ১০ হইতে ২০টি করিয়া প্রশ্ন থাকিবে। এই পরীক্ষা বিসিএস প্রিলিমিনারী টেষ্ট সম্বন্ধীয় নির্দেশাবলী অনুসরণ পূর্বক পরিচালিত হইবে। সুতরাং "প্রিলিমিনারী টেষ্ট সম্বন্ধীয় নির্দেশাবলী" ভাল করিয়া পড়িতে হইবে।

(ঙ) যে সমস্ত পরীক্ষার্থী এই পরীক্ষায় সফলতা অর্জন করিবেন শুধু তাঁহারাই পরবর্তীকালে মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন। এই পরীক্ষায় কৃতকার্য পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বরসমূহ পত্রিকার মাধ্যমে জানান হইবে।

(চ) ১৬শ বিসিএস (বিশেষ)-এর লিখিত পরীক্ষা—ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও লন্ডন কেন্দ্রে ১৯৯৪ সনের আগষ্ট মাসে অনুষ্ঠিত হইতে পারে। সঠিক তারিখ, সময় ও আসন ব্যবস্থা (পরীক্ষা হলের নামসহ) যথাসময়ে খবরের কাগজের মাধ্যমে জানান হইবে।

১২। **পরীক্ষার বিষয়সমূহ ও ইহাদের নম্বর বন্টন ঃ মোট নম্বর ১০০০**

(ক)	লিখিত পরীক্ষা (অবজেকটিভ টাইপ)	-	২০০ নম্বর
(খ)	মনস্তাত্ত্বিক পরীক্ষা -	-	পাস/ফেল
(গ)	মৌখিক পরীক্ষা -	-	২০০ নম্বর
(ঘ)	একাডেমিক এটেইনমেন্ট (এসএসসি, এইচএসসি, স্নাতক (পাস/সম্মান) এবং মাস্টার্স ডিগ্রী।	-	৬০০ নম্বর
			১০০০ নম্বর

১৩। **একাডেমিক এটেইনমেন্টঃ**

প্রার্থীদের ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা দিতে হইবে না। ইহার পরিবর্তে তাঁহাদের বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের এসএসসি, এইচএসসি, স্নাতক (পাস/সম্মান) ডিগ্রী এবং মাস্টার্স ডিগ্রী পরীক্ষায় প্রাপ্ত নম্বরের উপর মোট ৬০০ নম্বর বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের জন্য নিম্নরূপভাবে বিতরণ করা হইবে।

(ক)	এসএসসি	-	১০০ নম্বর
(খ)	এইচএসসি	-	১০০ নম্বর
(গ)	স্নাতক ডিগ্রী (পাস/সম্মান)		২০০ নম্বর
(ঘ)	মাষ্টার্স ডিগ্রী	-	২০০ নম্বর
			সর্বমোট ৬০০ নম্বর

প্রার্থীদিগকে বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত এসএসসি, এইচএসসি, স্নাতক (পাস/সম্মান) এবং মাষ্টার্স ডিগ্রীর সত্যায়িত মার্কশীটের কপি আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। নতুবা তাঁহাদের আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। অবতীর্ণ প্রার্থীদের নীচের ১৮ (ঙ) অনুচ্ছেদে উল্লেখিত সনদ অবশ্যই আবেদনপত্রের সাথে জমা দিতে হইবে।

১৪। **মনস্তাত্ত্বিক পরীক্ষাঃ**

উপরোল্লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে উত্তীর্ণ ঘোষিত সকলকেই মনস্তাত্ত্বিক পরীক্ষায় অবতীর্ণ হইতে হইবে। মনস্তাত্ত্বিক পরীক্ষায় অনুপস্থিত প্রার্থীদের নতুন করিয়া মনস্তাত্ত্বিক পরীক্ষা গ্রহণ করা হইবে না এবং সেই সকল প্রার্থীর মৌখিক পরীক্ষাও গ্রহণ করা হইবে না।

১৫। **স্বাস্থ্য পরীক্ষাঃ**

অনুচ্ছেদ ১২-উল্লেখিত পরীক্ষাসমূহের ভিত্তিতে চূড়ান্ত ফলাফল প্রকাশের সাথে সাথেই যোগ্য ঘোষিত প্রার্থীদিগকে মেডিক্যাল বোর্ডের সম্মুখে উপস্থিত হইতে হইবে। স্বাস্থ্যগত সম্পর্কিত যাবতীয় তথ্যাবলী (মেডিক্যাল রুলস) মূল আবেদনপত্রের সহিত সরবরাহ করা হইবে।

বিঃদ্রঃ আবেদনপত্রের সাথে সরবরাহকৃত মেডিক্যাল রুলস-এর Schedule III এর 6-এর 110 Lbs ও 96 Lbs সংখ্যাগুলি ও শব্দগুলির পরিবর্তে যথাক্রমে 45 Kg ও 40 Kg সংখ্যা ও শব্দগুলি পড়িতে হইবে।

১৬। **পরীক্ষা কেন্দ্রসমূহঃ**

লিখিত পরীক্ষা ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা এবং প্রার্থী থাকিলে লন্ডন কেন্দ্রেও অনুষ্ঠিত হইবে। প্রত্যেক প্রার্থীকে আবেদনপত্র এবং প্রবেশপত্রের যথাস্থানে প্রার্থী যে কেন্দ্রের পরীক্ষা দিতে ইচ্ছুক তাহার নাম উল্লেখ করিতে হইবে। মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষা বাংলাদেশে অবস্থানরত প্রার্থীদের জন্য কেবলমাত্র ঢাকায় এবং প্রয়োজনবোধে বিদেশে অবস্থানরত প্রার্থীদের এই পরীক্ষা লন্ডনে অনুষ্ঠিত হইবে।

১৭। **প্রবেশপত্রঃ**

প্রার্থীদের নাম ও ঠিকানা আবেদনপত্রের (বিপিএসসি ফর্ম-১) সহিত দেওয়া প্রবেশপত্রের যথাস্থানে পরিষ্কার হাতে এবং লাইনের মধ্যে লিখিতে হইবে এবং যে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক তাহা টিক্ দ্বারা স্পষ্টভাবে চিহ্নিত করিয়া বাকীগুলি কাটিয়া দিতে হইবে। এক কপি ফটো যথাস্থানে আঠা দ্বারা লাগাইতে হইবে অথবা ঐ স্থানে ফটোকপি বসাইতে হইবে। রেজিস্ট্রেশন নম্বরের ঘরগুলি কমিশন পূরণ করিবেন। প্রবেশপত্র আবেদপত্র হইতে বিচ্ছিন্ন করা চলিবে না।

১৮। **আবেদনপত্রের সহিত কাগজপত্র সংযুক্তিঃ**

(ক) ফটো-৩ (তিন) কপিঃ ১ (এক) কপি আঠা দিয়া আবেদনপত্রের উপরের চিহ্নিত স্থানে এবং ২ (দুই) কপি আবেদনপত্রের যথাস্থানে ষ্ট্যাপল করিয়া দিতে হইবে। এই তিনটি ফটো বিজ্ঞাপনের ১৭ নং অনুচ্ছেদে উল্লেখিত প্রবেশপত্রের সহিত সংযুক্ত ফটো বা ফটোকপির অতিরিক্ত।

(খ) বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড প্রদত্ত এসএসসি বা সমমানের পরীক্ষার মূল সনদপত্রের সত্যায়িত ফটোষ্ট্যাট কপি দিতে হইবে।

(গ) শিক্ষাগত যোগ্যতার অন্যান্য সকল সনদপত্রের সত্যায়িত ফটোষ্ট্যাট কপি দিতে হইবে।
শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মার্কশীট এই শর্তে গ্রহণযোগ্য হইবে যে, সাক্ষাৎকারের পূর্বে মূল/সাময়িক সনদ ও মার্কশীট অবশ্যই দাখিল করিতে হইবে।

(ঘ) এসএসসি, এইচএসসি, স্নাতক (পাস/সম্মান), মাস্টার্স ডিগ্রীর মার্কশীটের সত্যায়িত কপি।

(ঙ) অবতীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে মাস্টার্স ফাইনাল পরীক্ষায় অংশ গ্রহণের প্রমাণস্বরূপ লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা শুরু ও শেষ হওয়ার এবং থিসিস (যদি থাকে) জমা দেওয়ার তারিখ ও মৌখিক পরীক্ষা সমাপ্তির তারিখ উল্লেখসহ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ/বিভাগীয় চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত একটি সনদ আবেদনপত্রের সহিত অবশ্যই দাখিল করিতে হইবে। অন্যথায় আবেদনপত্র গৃহীত হইবে না।

(চ) অন্যান্য প্রয়োজনীয় সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দিতে হইবে।

বিঃদ্রঃ মৌখিক পরীক্ষা গ্রহণের সময় বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মূল অথবা সাময়িক সার্টিফিকেট এবং মার্কশীটসমূহ অবশ্যই কমিশনের নিকট দাখিল করিতে হইবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হইবে না।

১৯। **মুক্তিযোদ্ধা সনদপত্রঃ**

মুক্তিযোদ্ধাদের সংরক্ষিত পদে এবং তদানুযায়ী বয়স শিথিলতার নিমিত্ত বিবেচিত হইতে ইচ্ছুক প্রার্থীদিগকে মুক্তিযোদ্ধা সংসদের চেয়ারম্যানের স্বাক্ষর এবং প্রধান উপদেষ্টার প্রতিস্বাক্ষর সংবলিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি দরখাস্তের সহিত সংযুক্ত করিতে হইবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

২০। **গোপনীয়তাঃ**

প্রার্থীদের সমস্ত পরীক্ষার উত্তরপত্র গোপনীয় দলিল হিসাবে গণ্য হইবে এবং কোন অবস্থানেই কোন প্রার্থী বা তাঁহার প্রতিনিধিকে তাহা প্রদর্শন করা যাইবে না এবং উত্তরপত্রসমূহের পুনঃ পরীক্ষণের কোন অনুরোধই বিবেচনা করা হইবে না। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

২১। **জরুরী ঃ**

(ক) বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত এসএসসি, এইচএসসি স্নাতক (পাস/সম্মান) এবং মাস্টার্স ডিগ্রী পরীক্ষার মার্কশীটের সত্যায়িত কপি দাখিল না করিলে আবেদনপত্র বাতিল হইবে।

(খ) অবতীর্ণ প্রার্থীদের পরীক্ষা পাশের প্রমাণস্বরূপ মূল মার্কশীট/সার্টিফিকেট মৌখিক পরীক্ষার পূর্বে বা মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করিতে হইবে অন্যথায় অবতীর্ণ প্রার্থী হিসাবে তাহার প্রার্থীতা বাতিল করা হইবে।

(গ) কেন্দ্র পরিবর্তনের কোন আবেদন গ্রহণ করা হইবে না।

(ঘ) সময়ের স্বল্পতার দরুণ আবেদনপত্র অতি সত্বর কমিশনে পৌঁছাইতে হইবে। শেষ তারিখের অর্থাৎ ৭-৬-৯৪ তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না, কারণ যাহাই হউক না কেন।

(ঙ) এই বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত আরোপ করা হইল তাহা যদি আবেদনপত্রের কোন শর্তের সহিত সামঞ্জস্যপূর্ণ না হয় তাহা হইলে বিজ্ঞপ্তির শর্ত গ্রহণযোগ্য হইবে। কারণ সময়ের স্বল্পতার দরুণ এই বিসিএস (বিশেষ) পরীক্ষার জন্য প্রচলিত বিসিএস পরীক্ষার ফর্ম ব্যবহার করা হইবে।

(চ) বিজ্ঞাপনে উল্লিখিত সকল শর্ত সম্পর্কে ভালভাবে নিশ্চিত হইয়া আবেদন করিবার জন্য অনুরোধ করা যাইতেছে। বিজ্ঞাপনে উল্লিখিত শর্তাদির কোন ঘাটতি যেমন বয়স কম বা বেশী, শিক্ষাগত যোগ্যতার অভাব ইত্যাদিসহ অন্য যে কোন ভুলের জন্য প্রার্থী অযোগ্য প্রমাণিত হইলে লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পূর্বে কমিশন তাহার প্রার্থীতা বাতিল করিবেন এবং সেই প্রার্থী মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে না। পরবর্তী পর্যায়ে প্রার্থীর কোন অযোগ্যতা দৃষ্টিগোচর হইলে কমিশন তাহার প্রার্থীতা বাতিল করিতে পারিবেন।

২২। **বিষয়ভিত্তিক শূণ্য পদঃ**

নিম্নে বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের বিষয়ভিত্তিক শূণ্য পদসমূহ প্রদত্ত হইল। কোন কারণ না দর্শাইয়া এই সকল শূণ্য পদের সংখ্যা বৃদ্ধি, অবলুপ্তি বা পদসমূহের অন্য যে কোন প্রকার পরিবর্তনের অধিকার সরকার সংরক্ষণ করেন।

ক্যাডার/পদ		বিষয়		শূণ্য পদের সংখ্যা
বিসিএস (সাধারণ শিক্ষা)ঃ প্রভাষকঃ সাধারণ কলেজসমূহ (আর্টস এন্ড ক্রাফট্স কলেজ ব্যতীত)	১।	বাংলা	-	৯৬
	২।	ইংরেজী	-	৮২
	৩।	অর্থনীতি	-	৪৬
	৪।	রাষ্ট্র বিজ্ঞান	-	৬১
	৫।	ইসলামের ইতিহাস	-	১৮৮
	৬।	ইতিহাস	-	৮০
	৭।	দর্শন	-	১৫৯
	৮।	হিসাব বিজ্ঞান	-	৯৬
	৯।	ব্যবস্থাপনা	-	৮৩
	১০।	পদার্থ বিদ্যা	-	৪৯
	১১।	রসায়ন বিদ্যা	-	৫৫
	১২।	গণিত	-	৪৬
	১৩।	উদ্ভিদ বিদ্যা	-	২৮
	১৪।	প্রাণীবিদ্যা	-	১০৬
	১৫।	সমাজ কল্যাণ	-	২৫
	১৬।	সমাজ বিজ্ঞান	-	১৮
	১৭।	ইসলামী শিক্ষা	-	২৫
	১৮।	আরবী	-	২৫
	১৯।	গার্হস্থ্য অর্থনীতি	-	১০
	২০।	মনোবিজ্ঞান	-	১১
	২১।	ভূগোল	-	২৬
	২২।	পরিসংখ্যান	-	১১
	২৩।	মৃত্তিকা বিজ্ঞান	-	১০
	২৪।	কৃষি বিজ্ঞান	-	১১
	২৫।	মার্কেটিং	-	০২
	২৬।	উর্দু	-	০৬
	২৭।	পালি	-	০৫
	২৮।	সংস্কৃত	-	১১
	২৯।	প্রতিষ্ঠানিক খাদ্য ও ব্যবস্থাপনা	-	০১
	৩০।	নার্সারী	-	০১
				সর্বমোট = ১৩৭৩

২৩। **বিশেষ অনুরোধঃ**

আবেদনপত্র দাখিলের শেষ তারিখের জন্য অপেক্ষা না করিয়া যথাশীঘ্র আবেদনপত্র দাখিল করিবার জন্য সকল প্রার্থীকে পরামর্শ দেওয়া যাইতেছে। যে সকল প্রার্থী ডাকযোগে আবেদনপত্র প্রেরণ করিতে চাহেন, তাঁহাদিগকে বিলম্বে প্রাপ্তির কারণে আবেদনপত্র বাতিলের ঝুঁকি এড়াইবার জন্য শেষ তারিখের অন্ততঃ ১৫ (পনের) দিন পূর্বে আবেদনপত্র অবশ্যই ডাকে দিতে হইবে। প্রয়োজনীয় সকল কাগজপত্র আবেদনপত্রের মধ্যে সাবধানতার সহিত সেলাই করিয়া দিতে হইবে।

DFP(G)-8299-28/4
G-753

এম, মতিউর রহমান
সচিব।

What's on today . . . .

Awards presentation ceremony of Taranga

The organising body of Taranga, a bus of the Dhaka University, plying between Mohammadpur and the campus, will hold a awards presentation ceremony of its annual sports today (Tuesday) at 10 am at the auditorium of TSC, Dhaka University.

A cultural session will be held following the programme.

PAB-GIFAP joint meeting

A three-day joint meeting of Pesticides Association of Bangladesh (PAB) and International Group of National Associations of Manufacturers of Agrochemical Products (GIFAP) begins today (Tuesday) at a local hotel.

. . . . and tomorrow

Surer Dhara

The Surer Dhara, a musical institution for Tagore songs, will celebrate its second founding anniversary tomorrow (Wednesday) at the National Museum auditorium at 7 pm.

Teachers and students of the institution will participate in a two-hour long Tagore songs session through which they will also observe the 'Rabindra Jayanti', that falls on May 7.

Gen Noor Uddin off to USA

Chief of Army Staff Lieutenant General Noor Uddin Khan left Dhaka Sunday for a week-long visit to Hawaii, USA, reports UNB.

General Noor Uddin will visit the United States Army Pacific Command (USARPAC) at Fort Shafter and call on the Commanding General of US Army, Pacific Command, Lieutenant General Robert L Ord III, the Deputy C-in-C and Pacific Command Lieutenant General